# হোমনা পৌরসভা কার্যালয়,
# হোমনা কুমিল্লা।

শেখ হাসিনার মুলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং ঃ হোমনা পৌরসভা/নিয়োগ/২০২৩-৩৯৮

তারিখ ঃ ১২/১২/২০২৩ খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি /২০২৩ খ্রিঃ

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়ের, স্থানীয় সরকার বিভাগের স্মারক নং ঃ ৪৬.০০.০০০০.০৪৬.১১.১৪৩.২৩-১১২৫ তারিখঃ ৩১/১০/২০২৩খ্রিঃ ছাড়পত্রের আদেশ মোতাবেক কুমিল্লা জেলার হোমনা পৌরসভার অনুকুলে ৮টি শুন্য পদে ১০জন কর্মচারী নিয়োগের নিমিত্ত নিম্নে উল্লেখিত শর্তাবলী পুরণ সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্থ আহব্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম, বেতনক্রম ও গ্রেড (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১। | সহকারী কর আদায়কারী<br>৯৭০০ - ২৩৪৯০ ( গ্রেড - ১৫) | ১ (এক)টি | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রীধারী হইতে হবে। |
| ২। | সার্ভেয়ার<br>৯৭০০ - ২৩৪৯০ (গ্রেড - ১৫) | ১ (এক)টি | স্বীকৃত প্রতিষ্ঠান হতে সার্ভেয়ারশিপ বা সাব-ওভারশিপ বা সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকিতে হইবে। বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৩। | নিন্মমান সহকারী বনাম মুদ্রাক্ষরিক<br>৯৩০০ - ২২৪৯০ (গ্রেড - ১৬) | ২(দুই)টি | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা পাশ অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ বাংলায় ৩০ এবং ইংরেজীতে ৪০ শব্দের গতি থাকিতে হইবে। পৌরসভায় কর্মরত ৪র্থ শ্রেনীর কর্মচারীদের ক্ষেত্রে বয়স সীমা শিথিলযোগ্য; তবে এই পদের জন্য নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা থাকিতে হইবে। |
| ৪। | সহকারী লাইসেন্স পরিদর্শক<br>৯৩০০ - ২২৪৯০ (গ্রেড - ১৬) | ১ (এক)টি | স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পাশ অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকিতে হইবে। |
| ৫। | কার্যসহকারী<br>৯৩০০ - ২২৪৯০ (গ্রেড - ১৬) | ১ (এক)টি | সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতাসহ স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক পাশ অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকিতে হইবে |
| ৬। | টিকাদানকারী (মহিলা)<br>৯০০০ - ২১৮০০ (গ্রেড - ১৭) | ১ (এক)টি | স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে মাধ্যমিক পাশ হইতে হইবে। টিকাদান কাজে প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে । |
| ৭। | বিদ্যুৎ হেলপার<br>৮৮০০ - ২১,৩১০ (গ্রেড - ১৮) | ১ (এক)টি | সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতাসহ নুন্যতম ৮ম শ্রেনী পাশ । |
| ৮। | অফিস সহায়ক (এম এল এস এস)<br>৮২৫০ - ২০০১০ (গ্রেড - ২০) | ২(দুই)টি | ৮ম শ্রেনী পাশ । |

শর্তাবলীঃ

০১। আবেদনকারীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ ও বয়স (**১৩/১২/২০২৩ খ্রিঃ** তারিখ পর্যন্ত), শিক্ষাগত যোগ্যতা, জাতীয় পরিচয়পত্র নম্বর, মোবাইল নম্বর ইত্যাদি উল্লেখপূর্বক মেয়র, হোমনা পৌরসভা, কুমিল্লা বরাবরে ডাকযোগে প্রেরণ করিতে হইবে। উল্লেখ্য আবেদনপত্রে প্রার্থীর স্বাক্ষর থাকিতে হইবে এবং আবেদনপত্রের খামের উপর পদের নাম অবশ্যই উল্লেখ করিতে হইবে।

চলমান পাতা/২

০২। ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি ও ডিজিটাল জন্মসনদপত্রের সত্যায়িত কপি এবং প্রথম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র, সদ্যতোলা পাসপোর্ট সাইজের ৩(তিন) কপি ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার ও অভিজ্ঞতার সত্যায়িত ফটোকপি আবেদন পত্রের সহিত দাখিল করিতে হবে।

০৩। **১৩/১২/২০২৩খ্রিঃ** তারিখে সাধারন প্রার্থীদের বয়স ১৮ হতে ৩০ বৎসরের মধ্যে হইতে হবে। বীরমুক্তিযোদ্ধাদের সন্তানদি, নাতী/নাতনী এবং শারিরীক প্রতিবন্ধি প্রার্থীদের ক্ষেত্রে বয়স ৩২ বৎসর পর্যন্ত শিথিল যোগ্য (সে ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে)। বয়স প্রমানের ক্ষেত্রে এফিডেবিট গ্রহণযোগ্য নয়।

০৪। আবেদন পত্রের সহিত মেয়র, হোমনা পৌরসভা, কুমিল্লা, বরাবরে যে কোন তফসিলী ব্যাংক হতে (ক্রমিক নং ১-৫ নং পর্যন্ত) ৩০০/-(তিনশত) টাকা এবং (ক্রমিক নং ৬-৮ নং পর্যন্ত) ২০০/-(দুইশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরৎযোগ্য) দাখিল করিতে হবে।

০৫। সকল দরখাস্ত **২৮/১২/২০২৩ খ্রিঃ** তারিখের মধ্যে ডাকযোগে মেয়র, হোমনা পৌরসভা, হোমনা, কুমিল্লা বরাবরে প্রেরন করতে হবে। হাতে হাতে বা সরাসরি কোন দরখাস্ত গ্রহন করা হবে না।

০৬। কোনরূপ সুপারিশকৃত এবং **২৮/১২/২০২৩ খ্রিঃ** তারিখের পর প্রাপ্ত ও অসম্পূর্ন আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। একই প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবে না।

০৭। বৈধ প্রাথীদের রবাবর পরীক্ষায় অংশগ্রহণের জন্য ডাকযোগে প্রবেশপত্র/ইন্টারভিড কার্ড ইস্যু করা হবে। পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৮। লিখিত পরীক্ষায় উর্ত্তীন প্রাথীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় মূল সনদপত্র/কাগজপত্র সঙ্গে আনতে হবে।

০৯। কর্মচারী নিয়োগ বাছাই কমিটি কর্তৃক চুড়ান্তভাবে নির্বাচিত ও সুপারিশকৃত প্রাথীদের নিয়োগ প্রদান করা হবে। নিয়োগকৃত কর্মচারীদের পৌরসভা চাকুরী বিধিমালা, ১৯৯২ দ্বারা নিয়ন্ত্রিত হবে।

১০। সরকারী বিধি মোতাবেক কোটা সংরক্ষণ করা হবে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্মচারী নিয়োগ বাছাই কমিটির সিদ্ধান্ত চুড়ান্ত বলিয়া গণ্য হবে।

১২.১২.২০২৩

(মোঃ নজরুল ইসলাম)
মেয়র
হোমনা পৌরসভা, কুমিল্লা।

স্বারক নং ঃ ঃ হোমনা পৌরসভা/নিয়োগ/২০২৩-৩৯৮ তারিখ ঃ১২/১২/২০২৩খ্রিঃ

সদয় অবগতির জন্য প্রেরন করা হইল ঃ-

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা -১০০০।
২। জেলা প্রশাসক, কুমিল্লা।
৩। সদস্য ---------------------------------------- হোমনা পৌরসভা নিয়োগ/বাছাই কমিটি হোমনা, কুমিল্লা।
৪। সম্পাদক, দৈনিক ----------------------/ (৩ কলাম ৮ ইঞ্চি ) বিতরের পাতায় প্রকাশের জন্য প্রেরন করা হইল।
৫। সম্পাদক , জেলার স্থানীয় পত্রিকা ---------------(৩ কলাম ৮ ইঞ্চি ) বিতরের পাতায় প্রকাশের জন্য প্রেরন করা হইল।
৬। নোটিশ বোর্ড, হোমনা পৌরসভা,কুমিল্লা।
৭। অফিস কপি।

১২.১২.২০২৩

(মোঃ নজরুল ইসলাম)
মেয়র
হোমনা পৌরসভা, কুমিল্লা।